# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ১০. যে ভুলের জন্য দাউদের পুত্রত্ব ও খ্রিষ্টত্ব বাতিল

দ্বিতীয় বিবরণ ২৩/2: ‘‘জারজ ব্যক্তি মাবুদের সমাজে প্রবেশ করবে না; তার দশম পুরুষ পর্যন্তও মাবুদের সমাজে প্রবেশ করতে পারবে না।’’ (কেরি ও কি. মো.-১৩) কি. মো.-০৬: ‘‘কোনো জারজ লোক মাবুদের বান্দাদের সমাজে যোগ দিতে পারবে না; তার চৌদ্দ পুরুষেও কেউ তা করতে পারবে না।’’

কিতাবুল মোকাদ্দস-২০০৬ সংস্করণে অনুবাদকরা আরো চার পুরুষ বাড়িয়েছেন। কিং জেমস ও রিভাইজড স্টান্ডার্ড উভয় ভার্শনেই (tenth generation) রয়েছে। আমরা জানি না অনুবাদকরা চার পুরুষ কোথা থেকে বাড়ালেন।

সর্বাবস্থায় এ বক্তব্যটা ভুল। দাউদ (আ.)-এর দশম পূর্বপুরুষ পেরস তার দাদা যিহূদার জারজ সন্তান ছিলেন। যিহূদা তার পুত্রবধু তামরের সাথে ব্যভিচারে লিপ্ত হন এবং এ ব্যভিচারের ফলে পেরসের জন্ম হয়। (আদিপুস্তকের ৩৮/১২-৩০)

মথি ১/১-৬ এবং লূক ৩/৩১-৩৩ অনুসারে দাউদের বংশতালিকা নিম্নরূপ: (১) দাউদ বিন (২) যিশয় বিন (৩) ওবেদ বিন (৪) বোয়স বিন (৫) সল্মোন বিন (৬) নহশোন বিন (৭) অম্মীনাদব বিন (৮) রাম বিন (৯) হিষ্রোন বিন (১০) পেরস বিন (১১) যিহূদা বিন (১২) ইয়াকুব (যাকোব) বিন (১৩) ইসহাক বিন (১৪) ইবরাহিম (আ.)। মথি ১/৩-৬: ‘‘যিহূদার (এহুদার) পুত্র পেরস... পেরসের পুত্র হিষ্রোন, হিষ্রোণের পুত্র রাম, রামের পুত্র অম্মীনাদব, অম্মীনাদবের পুত্র সলমোন, সলমোনের পুত্র বোয়স ... বোয়সের পুত্র ওবেদ ... ওবেদের পুত্র যিশয় (ইয়াসির: Jesse), যিশয়ের (ইয়াসিরের) পুত্র দাউদ।’’ (কেরি ও কি. মো.-১৩)

এভাবে পেরস থেকে শুরু করলে দাউদ দশম পুরুষ। বাইবেলের বর্ণনায় দাউদ সদাপ্রভুর সমাজের প্রধান। বাইবেলের ভাষায় তিনি ঈশ্বরের পুত্র- ইবনুল্লাহ, ঈশ্বরের প্রথম পুত্র, ঈশ্বরের জন্মদেওয়া পুত্র, ঈশ্বরে মাসীহ বা খ্রিষ্ট ও ঈশ্বরের নবী। বাইবেলের উপরের বক্তব্য সত্য হলে দাউদের সকল মর্যাদাই বাতিল ও ভিত্তিহীন বলে গণ্য হবে।

বাইবেলের কোনো কোনো সংস্করণে লূকের বংশ তালিকায় দাউদের অষ্টম পূর্বপুরুষ ‘রাম’ ও নবম পূর্বপুরুষ ‘হিষ্রোন’-এর মধ্যে অদমান ও অর্ণি দুটো নাম সংযোজন করা হয়েছে (লূক ৩/৩৩)। পাঠক মথির প্রথম অধ্যায়ের ৩ শ্লোকের সাথে লূকের তৃতীয় অধ্যায়ের ৩৩ শ্লোক মিলিয়ে পড়লেই এ বৈপরীত্য জানতে পারবেন।

সম্ভবত এ সংযোজনের উদ্দেশ্য দাউদকে বাঁচানো, যেন তিনি পেরসের দশম পুরুষ না হন। কিন্তু বিকৃতিকারীরা মথির মধ্যে সংযোজন করতে ভুলে গিয়েছেন। ফলে সকল সংস্করণেই মথির বংশ তালিকায় দাউদ পেরসের দশম পুরুষ। বিশেষ করে মথি নিশ্চিত করেছেন যে পরবর্তী প্রত্যেক ব্যক্তি পূর্বের ব্যক্তির জন্মদেওয়া বা ঔরসজাত সন্তান। এতে দাউদ যে জারজ সন্তানের দশম পুরুষ তা নিশ্চিত হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14150

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন